



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/এইচএসসি/পরী-২০২৬/স্মাইব/১২৩(৬)

তারিখ : ২৯/০৪/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অটিস্টিক/ডাউন সিনড্রোম/সেরিব্রাল পালসি/অন্যান্য প্রতিবন্ধি পরীক্ষার্থীদের অতিরিক্ত সময় বরাদ্দ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় নিম্নের ছকে উল্লিখিত পরীক্ষার্থীরা সমাজ সেবা অধিদপ্তর/সিভিল সার্জন প্রদত্ত সনাক্তকারী অটিস্টিক/ডাউন সিনড্রোম/সেরিব্রাল পালসি/অন্যান্য প্রতিবন্ধি। এরূপ পরীক্ষার্থীদেরকে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২. ৪৩.০৩৬.১৪.৪৯৫, তারিখ-২৯/০৯/২০১৫ মোতাবেক জারিকৃত পরিপত্র এবং দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা পরিচালনা নীতিমালা বহি-এর অনুচ্ছেদ নং-৪(ড) মোতাবেক ২০২৬ সালের এসএসসি পরীক্ষার সকল বিষয়ে ৩০ (ত্রিশ) মিনিট অতিরিক্ত সময় বরাদ্দ দেয়ার কার্যকরি ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা একটু অন্যমনস্ক এবং খেয়ালী হয়ে থাকে, তাই সাহায্যকারী হিসেবে পরীক্ষার্থীর নামের পার্শ্বে পিতা/মাতা/অভিভাবক/শিক্ষক সঙ্গে থাকবেন, কিন্তু উত্তরপত্র লিখার ক্ষেত্রে কোন সহযোগিতা করতে পারবেন না। উল্লেখ্য, অটিস্টিক/ডাউন সিনড্রোম/সেরিব্রাল পালসি/অন্যান্য প্রতিবন্ধি পরীক্ষার্থীদের উত্তরপত্রসমূহ আলাদা প্যাকেট করে প্যাকেটের গায়ে প্রতিবন্ধি লিখে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

ক্রঃ নং	পরীক্ষার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	কেন্দ্র কোড	রোল নং, রেজিস্ট্রেশন নং ও শিক্ষাবর্ষ	সাহায্যকারীর নাম, সম্পর্ক ও জাতীয় পরিচয়পত্র নম্বর	সমাজ সেবা অধিদপ্তর/সিভিল সার্জন প্রদত্ত প্রতিবন্ধির ধরণ
০১.	অনিমেশ চৌধুরী পিতা:- গৌতম কুমার চৌধুরী চেহেলগাজী শিক্ষা নিকেতন সদর, দিনাজপুর।		৭৬৮২৭৮ ২১১৭৭৬২৭৭৮ ২০২২-২৩	প্রযোজ্য নয়	সেরিব্রালপালসি

কেন্দ্র সচিব

এসএসসি-২০২৬ পরীক্ষার সংশ্লিষ্ট কেন্দ্র।

২৯/০৪/২৬  
প্রফেসর মোঃ বোরহান উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
- ০৪। প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।
- ০৫। সংশ্লিষ্ট পরীক্ষার্থী।
- ০৬। অফিস কপি।